
পাঠ ১৪

# হারজিতের গল্প



## পাঠের মূলকথা

অঙ্ক দৌড়ে অংশ নিয়ে রাশেদ অঙ্ক করে ক্র্যাচ নিয়ে দৌড়ে সবার আগেই শেষ সীমানায় পৌঁছে জিতে যায়। মোরগ লড়াইয়ের সময় ক্র্যাচ দুটো এক পাশে রেখে দুই হাত পিছনে নিয়ে রাশেদ প্রস্তুতি নেয়। বাঁশি বাজতেই আটজন প্রতিযোগী এগিয়ে আসে। শুরুতেই রাশেদ কোনো আক্রমণ না করে নিজেকে রক্ষা করে। লড়াই করতে করতে একে একে পাঁচজন পড়ে যায়। রাশেদকে আক্রমণ করতে এগিয়ে এলে রাশেদ হঠাৎ সরে যাওয়ায় রাজুও পড়ে যায়। শেষে লড়াই শুরু হয় ঝিমিতের সঙ্গে। রাশেদ ঠান্ডা মাথায় খেলতে থাকে। ঝিমিত আক্রমণ করলে রাশেদ কাঁধ দিয়ে নিজেকে রক্ষা করে। এক সময় ঝিমিতের আক্রমণে প্রায় পড়ে যাওয়ার উপক্রম হলেও রাশেদ মনোবল দৃঢ় করে সোজা হয়ে দাঁড়ায় এবং কৌশলগতভাবে আক্রমণ করে ঝিমিতকে। ঝিমিত ভারসাম্য রাখতে না পেরে পড়ে যায়। মোরগ লড়াইয়েও রাশেদ জিতে যায়। ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিকালে হেড স্যার বিজয়ীদের গলায় মেডেল পরিয়ে দেন এবং তাদেরকে বই পুরস্কার দেন। সবার উদ্দেশে তিনি বলেন– হারজিত বড়ো কথা নয়।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।
৫.২ যুক্তবর্ণ ও ফলাযোগে গঠিত শব্দ ও বিভিন্ন ধরনের বাংলা বাক্য প্রমিত উচ্চারণে বলতে পারা।
৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।
১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৬

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৫৯ | স্যার, আসতে....... ভালো লাগল রাশেদ। |
| পিরিয়ড-৬০ | তিন দিন ........ রাশেদ জিতেছে। |
| পিরিয়ড-৬১ | এবার মোরগ.......... খেলতে হবে। |
| পিরিয়ড-৬২ | ঝিমিত এগিয়ে আসছে......... হারজিত বড়ো কথা নয়। |
| পিরিয়ড-৬৩ | সম্পূর্ণ গল্প |
| পিরিয়ড-৬৪ | পুনরালোচনা। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র্যাচ | ভর্তি | চটপট | অত্যন্ত | মেধাবী | ক্লাস | ক্রীড়া | প্রতিযোগিতা | দড়ি | লড়াই |
| উৎকণ্ঠা | হইচই | ফুঁ | বাঁশি | আক্রমণ | উত্তেজনা | ঠান্ডা | অঙ্ক | প্রতিহত | তীব্রবেগে |
| ভারসাম্য | দৃঢ় | চিৎকার | মেডেল | পুরস্কার | হারজিত | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ২ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪২

ক্রীড়া, চটপট, উৎকণ্ঠা, তীব্রবেগে, দৃঢ়।

**উত্তর :**

ক্রীড়া — খেলা।
চটপট — তাড়াতাড়ি।
উৎকণ্ঠা — উদ্বেগ।
তীব্রবেগে — দ্রুত গতিতে।
দৃঢ় — শক্ত।

### ২ ছবি দেখি এবং খেলার নাম বলি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪২



**উত্তর :** ছবির খেলাটির নাম হলো হাডুডু। এটি বাংলাদেশের জাতীয় খেলা। চারজন কিশোর হাডুডু খেলছে। এটি গ্রামবাংলার ঐতিহ্যবাহী খেলা। এ খেলায় দুই পক্ষের মধ্যে প্রতিযোগিতা হয়ে থাকে।

### ৩ শব্দ নিয়ে খালি জায়গায় বসাই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৩

চটপট, মেধাবী, হইচই, মাঠ, প্রতিযোগিতা।

ক. স্যার বুঝেছিলেন ছেলেটা অত্যন্ত ———।
খ. সেদিন ক্লাসে ক্রীড়া ——— নিয়ে কথা হচ্ছিল।
গ. রঙিন কাগজ দিয়ে ——— সাজানো হয়েছে।
ঘ. খেলার উত্তেজনায় সবাই ——— করতে লাগল।

**উত্তর :**

ক. স্যার বুঝেছিলেন ছেলেটা অত্যন্ত মেধাবী।
খ. সেদিন ক্লাসে ক্রীড়া প্রতিযোগিতা নিয়ে কথা হচ্ছিল।
গ. রঙিন কাগজ দিয়ে মাঠ সাজানো হয়েছে।
ঘ. খেলার উত্তেজনায় সবাই হইচই করতে লাগল।

### ৪ বুঝে নিই ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৩

চটপট — খুব তাড়াতাড়ি কিছু করা।
হুড়মুড় — অনেক জিনিস একত্রে পড়ে যাবার শব্দ।
ক্র্যাচ — হাঁটার সমস্যায় ব্যবহার করা যায় এমন লাঠি।
ধারাবর্ণনা — কোনো কিছুর ধারাবাহিক বিবরণ।
মেডেল — বিজয়ীদের দেওয়া হয় এমন পদক।

### ৫ বাক্য লিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৩

চটপট — ছেলেটি চটপট কাজ করে।
মেধাবী — অসীম ছোটোবেলা থেকেই মেধাবী।
হইচই — বাংলাদেশ ক্রিকেটে জয়ী হওয়ায় চারদিকে হইচই পড়ে গেল।
আঘাত — দুষ্টুমি কোরো না, আঘাত পাবে।
মেডেল — বিজয়ীদের গলায় মেডেল পরিয়ে দেওয়া হলো।

### ৬ উত্তর বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৩

**প্রশ্ন ক. নোমান স্যার কীভাবে বুঝলেন রাশেদ মেধাবী?**

**উত্তর :** নোমান স্যার ভর্তির দিন রাশেদকে দেখেছিলেন। দুটি প্রশ্নও করেছিলেন তাকে। রাশেদ চটপট জবাব দিয়েছিল। স্যার তখনই বুঝেছিলেন ছেলেটি অত্যন্ত মেধাবী।

**প্রশ্ন খ. অঙ্ক দৌড় খেলার নিয়ম কী?**

**উত্তর :** অঙ্ক দৌড় খেলার নিয়ম হলো– সবার আগে অঙ্ক শেষ করে দৌড়ে আসতে হবে। যে সবার আগে আসবে সে-ই বিজয়ী হবে।

**প্রশ্ন গ. মোরগ লড়াইয়ে তৃতীয় হয়েছিল কে?**

**উত্তর :** মোরগ লড়াইয়ে তৃতীয় হয়েছিল রাজু।

**প্রশ্ন ঘ. খেলা শেষে হেড স্যার কী বললেন?**

**উত্তর :** হারজিত জীবনের অবিচ্ছেদ্য অংশ। খেলায় একপক্ষ জিতলে, অন্যপক্ষ স্বাভাবিকভাবেই হারবে। খেলা শেষে বিকালবেলা হেড স্যার বিজয়ীদের গলায় মেডেল পরিয়ে দিলেন। তাদের বই উপহার দিলেন। তিনি বললেন, হারজিত বড়ো কথা নয়।

### ৭ সঠিক উত্তরটি বাছাই করি ও বলি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৪

১. ক্র্যাচে ভর দিয়ে এগিয়ে এলো—

ক. জাফর  খ. রাশেদ
গ. রাজু  ঘ. ঝিমিত

**উত্তর : খ. রাশেদ।**

২. রাশেদ যে যে খেলায় নাম দিয়েছিল—
ক. অঙ্ক দৌড় ও দীর্ঘ লাফ
খ. দীর্ঘ লাফ ও মোরগ লড়াই
গ. মোরগ লড়াই ও দৌড়
ঘ. অঙ্ক দৌড় ও মোরগ লড়াই
উত্তর : ঘ. অঙ্ক দৌড় ও মোরগ লড়াই।

৩. মাইকে খেলার ধারাবর্ণনা করছেন—
ক. রাশেদ স্যার খ. জাফর স্যার
গ. নোমান স্যার ঘ. হেড স্যার
উত্তর : গ. নোমান স্যার।

৪. হেড স্যার বিজয়ীদের হাতে তুলে দিলেন—
ক. ক্রেস্ট খ. মেডেল
গ. মালা ঘ. বই
উত্তর : ঘ. বই।

৫. মোরগ লড়াইয়ে অংশ নিয়েছিল—
ক. সাত জন খ. আট জন
গ. পাঁচ জন ঘ. নয় জন
উত্তর : খ. আট জন।

**৮ ক্রমবাচক সংখ্যা বলি ও লিখি** ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৪

প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম।

**উত্তর** : একের পর এক যে সংখ্যাগুলো আসে, সেগুলোকে ক্রমবাচক সংখ্যা বলে।

যেমন— ১ (এক), ২ (দুই), ৩ (তিন), ৪ (চার), ৫ (পাঁচ), ৬ (ছয়), ৭ (সাত), ৮ (আট), ৯ (নয়), ১০ (দশ)।

**৯ শব্দের খেলা খেলি।** ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৪

খেলার নিয়ম : প্রথম জন একটা শব্দ বলবে। ধরা যাক, সে বলল 'বই'।

দ্বিতীয় জন 'বই' শব্দটি বলবে এবং শব্দের শেষ বর্ণ দিয়ে আরেকটি শব্দ বলবে। সে বলবে— 'বই, ইট'।

তৃতীয় জন আগের দুটি শব্দ বলবে এবং দ্বিতীয় শব্দের শেষ বর্ণ দিয়ে আরেকটি শব্দ বলবে। সে বলবে— 'বই, ইট, টাকা'।

এভাবে চতুর্থ জন মোট চারটি শব্দ বলবে। এভাবে খেলা চলতে থাকবে। কেউ ধারাবাহিকভাবে বলতে না পারলে খেলা থেকে বাদ পড়বে। এভাবে একজন একজন করে বাদ পড়ার পর শেষ জন বিজয়ী হবে।

**উত্তর :**

চতুর্থ জন (রাশেদ) বলবে : বই, ইট, টাকা, কাকা।

পঞ্চম জন (রাজু) বলবে : বই, ইট, টাকা, কাকা, কলম।

ষষ্ঠ জন (ঝিমিত) বলবে : বই, ইট, টাকা, কাকা, কলম, মোবাইল।

সপ্তম জন (জাফর) বলবে : বই, ইট, টাকা, কাকা, কলম, মোবাইল, লটারি।

অষ্টম জন (নোমান) বলবে : বই, ইট, টাকা, কাকা, কলম, মোবাইল, লটারি, রবি।

নবম জন (রাজু) বলবে : বই, ইট, টাকা, কাকা, কলম, মোবাইল, লটারি, রবি, বল।

(এখানে নবম জন (রাজু) ধারাবাহিকভাবে বলতে না পারায় সে খেলা থেকে বাদ পড়বে। এভাবে ধারাবাহিকভাবে খেলা চলতে থাকবে এবং সবাই বাদ পড়ার আগে শেষ জন বিজয়ী হবে।)

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ৫৯** স্যার, আসতে....... ভালো লাগল রাশেদ।

**প্রশ্ন ১. যাদের পা নেই বা একটি পা আছে তারা কীসের সাহায্যে হাঁটে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : যাদের পা নেই তারা ক্র্যাচের সাহায্যে হাঁটে।

**প্রশ্ন ২. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

ক্র্যাচ, ভর্তি, ক্লাস।

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| ক্র্যাচ | ক্র | ক + ্র (র-ফলা) | ক্রোশ, ক্রেন |
| ভর্তি | র্ত | ত + রেফ (র্) | গর্ত, শর্ত |
| ক্লাস | ক্ল | ক + ল | ক্লেশ, ক্লাব |

**পিরিয়ড ৬০** তিন দিন ........ রাশেদ জিতেছে।

**প্রশ্ন ৩. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

ক্রীড়া, আনন্দ, উৎকণ্ঠা, অঙ্ক।

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| ক্রীড়া | ক্র | ক + ্র (র-ফলা) | ক্রিয়া, ক্রিম |
| আনন্দ | ন্দ | ন + দ | সুন্দর, সানন্দ |
| উৎকণ্ঠা | ণ্ঠ | ণ + ঠ | কণ্ঠ, লুণ্ঠন |
| অঙ্ক | ঙ্ক | ঙ + ক | শঙ্কা, লঙ্কা |

**প্রশ্ন ৪. ৯৫ থেকে ৬৭ বিয়োগ করলে কত থাকে?**

উত্তর : ৯৫ থেকে ৬৭ বিয়োগ করলে ২৮ থাকে।

**পিরিয়ড ৬১** এবার মোরগ.......... খেলতে হবে।

**প্রশ্ন ৫. নিচের যুক্তবর্ণ দিয়ে দুটি করে শব্দ ও বাক্য গঠন কর।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

স্ত, ক্র, ক্ষ, ত্ত, ন্ড।

| যুক্তবর্ণ | শব্দ | বাক্য |
|---|---|---|
| স্ত | প্রস্তুতি<br>অস্ত | ১. প্রতিযোগিতায় অংশগ্রহণ করার প্রস্তুতি নাও।<br>২. সূর্য পশ্চিম দিকে অস্ত যায়। |
| ক্র | ক্রীড়া<br>ক্রয় | ১. আমি ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করব।<br>২. রহিম বই ক্রয় করবে। |

| যুক্তবর্ণ | শব্দ | বাক্য |
|---|---|---|
| ক্ষ | রক্ষা<br>শিক্ষা | ১. খেলায় নিজেকে রক্ষা করতে হবে।<br>২. শিক্ষা জাতির মেরুদণ্ড। |
| ত্ত | উত্তর<br>উত্তেজনা | ১. প্রশ্নের উত্তর দাও।<br>২. খেলার শেষভাগে উত্তেজনা বেশি হয়। |
| ন্ড | ঠান্ডা<br>গন্ডার | ১. ঠান্ডা মাথায় খেলতে হয়।<br>২. গন্ডারের চামড়া মোটা। |

**পিরিয়ড ৬২** ঝিমিত এগিয়ে আসছে......... হারজিত বড়ো কথা নয়।

**প্রশ্ন ৬. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| খুব তাড়াতাড়ি কিছু করা | ক্র্যাচ |
| অনেক জিনিস একত্রে পড়ে যাবার শব্দ | মেডেল |
| হাঁটার সমস্যায় ব্যবহার করা যায় এমন লাঠি | চটপট |
| কোনো কিছুর ধারাবাহিক বর্ণনা | হুড়মুড় |
| বিজয়ীদের দেওয়া হয় এমন পদক | ধারাবর্ণনা |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| খুব তাড়াতাড়ি কিছু করা | ক্র্যাচ |
| অনেক জিনিস একত্রে পড়ে যাবার শব্দ | মেডেল |
| হাঁটার সমস্যায় ব্যবহার করা যায় এমন লাঠি | চটপট |
| কোনো কিছুর ধারাবাহিক বর্ণনা | হুড়মুড় |
| বিজয়ীদের দেওয়া হয় এমন পদক | ধারাবর্ণনা |

**পিরিয়ড ৬৩** সম্পূর্ণ গল্প

**প্রশ্ন ৭. প্রথম থেকে দশম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা লেখ।**

**উত্তর :**

| | | | | |
|---|---|---|---|---|
| প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
| ষষ্ঠ | সপ্তম | অষ্টম | নবম | দশম |

**প্রশ্ন ৮. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

৯৫ থেকে ৬৭ বিয়োগ করতে হবে রাশেদ লিখল ২৮ লিখেই ক্র্যাচ নিয়ে দৌড় দিল পিছনে তাকিয়ে দেখল একজন এগিয়ে আসছে। ততক্ষণে রাশেদ চলে এসেছে শেষ সীমানায় চারদিকে হইচই পড়ে গেল রাশেদ জিতেছে

**উত্তর :** ৯৫ থেকে ৬৭ বিয়োগ করতে হবে। রাশেদ লিখল ২৮। লিখেই ক্র্যাচ নিয়ে দৌড় দিল। পিছনে তাকিয়ে দেখল, একজন এগিয়ে আসছে। ততক্ষণে রাশেদ চলে এসেছে শেষ সীমানায়। চারদিকে হইচই পড়ে গেল। রাশেদ জিতেছে।

**পিরিয়ড ৬৪** পুনরালোচনা।

**প্রশ্ন ৯. শেষের বর্ণ দিয়ে শব্দ বানাই।**

**উত্তর :** বই → ইট → টাকা → কাক → কলা → লাউ → উট → টক → কচু → চুল → লাটিম → মাটি → টোল।

**প্রশ্ন ১০. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

রঙিন, আনন্দ, উৎকণ্ঠা।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| রঙিন | রোঙিন |
| আনন্দ | আনোনদো |
| উৎকণ্ঠা | উত্‌কনঠা |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর বাক্য রচনা কর।**

প্রস্তুতি, ক্রিকেট, লক্ষ, উত্তম, প্রচণ্ড। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** শব্দগুলো দ্বারা একটি করে বাক্য তৈরি করা হলো—

প্রস্তুতি — আমার পরীক্ষা প্রস্তুতি ভালো।
ক্রিকেট — ক্রিকেট একটি জনপ্রিয় খেলা।
লক্ষ — বাগানটির দিকে লক্ষ কর।
উত্তম — সে বন্ধুদের মাঝে উত্তম।
প্রচণ্ড — আমার প্রচণ্ড পিপাসা পেয়েছে।

**প্রশ্ন ২. নিচের ঘটনায় কী কী খেলার নাম আছে এবং অঙ্ক দৌড় ও মোরগ লড়াইয়ে কে প্রথম হয়েছে তা লেখ।**

**ঘটনা**

নোমান স্যার ক্লাস নিচ্ছিলেন। অনুমতি নিয়ে ক্র্যাচে ভর দিয়ে রাশেদ ক্লাসে প্রবেশ করল। ক্লাসে সেদিন ক্রীড়া প্রতিযোগিতা নিয়ে কথা হচ্ছিল। কেউ অংশ নেবে দৌড় প্রতিযোগিতায়। কারো পছন্দ দড়ি লাফ। নোমান স্যার জিজ্ঞেস করলেন, তুমি কী করবে? রাশেদ বলল, অঙ্ক দৌড় ও মোরগ লড়াই করব। ক্লাসে সবাই ভাবছিল, রাশেদ পারবে তো! ক্রীড়া প্রতিযোগিতায় দেখা গেল রাশেদ দুটি খেলায়ই প্রথম হয়েছে।

**উত্তর :** উপরের ঘটনায় খেলার নামগুলো হলো—

ক. দৌড় প্রতিযোগিতা,

খ. দড়ি লাফ,

গ. অঙ্ক দৌড়,

ঘ. মোরগ লড়াই।

অঙ্ক দৌড় ও মোরগ লড়াইয়ে প্রথম হয়েছে রাশেদ।

**প্রশ্ন ৩. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

মেধাবী, লড়াই, বিজয়ী, হইচই, মুখোমুখি, প্রতিহত, ভারসাম্য, মেডেল।

উত্তর :

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| মেধাবী | বুদ্ধিমান, ধীমান। |
| লড়াই | যুদ্ধ। |
| বিজয়ী | অপরাজিত, জয়ী। |
| হইচই | কোলাহল, হইহুল্লোড়। |
| মুখোমুখি | সম্মুখীন হওয়া, মোকাবিলা করা। |
| প্রতিহত | বাধাপ্রাপ্ত, নিবারিত, ব্যাহত। |
| ভারসাম্য | সমতা, মানসিক স্থিরতা। |
| মেডেল | পদক, পুরস্কার। |

## বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৪. রাশেদ কীসে ভর দিয়ে দাঁড়িয়েছিল?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রাশেদ ক্র্যাচে ভর দিয়ে দাঁড়িয়েছিল।

**প্রশ্ন ৫. স্যার ভর্তির দিন রাশেদকে কয়টি প্রশ্ন করেছিলেন?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** স্যার ভর্তির দিন রাশেদকে দুটি প্রশ্ন করেছিলেন।

**প্রশ্ন ৬. রাশেদ কোন বিষয়ে প্রতিযোগিতায় নাম দিয়েছে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রাশেদ অঙ্ক দৌড় ও মোরগ লড়াই প্রতিযোগিতায় নাম দিয়েছে।

**প্রশ্ন ৭. ক্রীড়া প্রতিযোগিতায় কোন কোন বিষয় ছিল?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ক্রীড়া প্রতিযোগিতায় দৌড়, দড়ি লাফ, অঙ্ক দৌড় ও মোরগ লড়াই ছিল।

**প্রশ্ন ৮. মাঠ রঙিন কাগজ দিয়ে সাজানো হয়েছে কেন?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ক্রীড়া প্রতিযোগিতার কারণে মাঠ রঙিন কাগজ দিয়ে সাজানো হয়েছে।

**প্রশ্ন ৯. প্রথমে কোন খেলাটা শুরু হয়েছিল?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** প্রথমে অঙ্ক দৌড় শুরু হয়েছিল।

**প্রশ্ন ১০. চারদিকে হইচই পড়ে গেল কেন?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** খেলার উত্তেজনায় চারদিকে হইচই পড়ে গেল।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ১১. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**

দিন, মাথা, কথা, হাত, বন্ধু।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| দিন | দিবা, দিবস |
| মাথা | মস্তক, মুণ্ডু |
| কথা | উক্তি, বচন |
| হাত | পাণি, হস্ত |
| বন্ধু | মিত্র, সখা |

**প্রশ্ন ১২. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

ঝিমিত আবারও আক্রমণ করল রাশেদ কাঁধ দিয়ে নিজেকে প্রতিহত করল কিন্তু কাঁপতে কাঁপতে প্রায় পড়েই যাচ্ছিল। মনোবল দৃঢ় করে সোজা হয়ে দাঁড়াল সে হঠাৎ দেখল তীব্রবেগে এগিয়ে আসছে ঝিমিত আক্রমণের ভঙ্গিতে রাশেদও এগিয়ে গেল কাঁধ দিয়ে হালকা আঘাত করে পথ ছেড়ে দিল ভারসাম্য রাখতে না পেরে হুড়মুড় করে পড়ে গেল ঝিমিত বন্ধুরা সব চিৎকার করে উঠল রাশেদ রাশেদ

**উত্তর :** ঝিমিত আবারও আক্রমণ করল। রাশেদ কাঁধ দিয়ে নিজেকে প্রতিহত করল। কিন্তু কাঁপতে কাঁপতে প্রায় পড়েই যাচ্ছিল। মনোবল দৃঢ় করে সোজা হয়ে দাঁড়াল সে। হঠাৎ দেখল তীব্রবেগে এগিয়ে আসছে ঝিমিত। আক্রমণের ভঙ্গিতে রাশেদও এগিয়ে গেল। কাঁধ দিয়ে হালকা আঘাত করে পথ ছেড়ে দিল। ভারসাম্য রাখতে না পেরে হুড়মুড় করে পড়ে গেল ঝিমিত। বন্ধুরা সব চিৎকার করে উঠল, রাশেদ! রাশেদ!

**প্রশ্ন ১৩. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**

শুরু, বিজয়ী, সোজা, ভালো, ঠান্ডা, জোরে।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| শুরু | শেষ |
| বিজয়ী | পরাজিত |
| সোজা | বাঁকা |
| ভালো | মন্দ |
| ঠান্ডা | গরম |
| জোরে | আস্তে |

**প্রশ্ন ১৪. এলোমেলো বর্ণগুলো সাজিয়ে শব্দ তৈরি কর।**

| | | | |
|---|---|---|---|
| ল | ম | ব | নো |

**উত্তর :** মনোবল।

| | | | |
|---|---|---|---|
| জি | র | হা | ত |

**উত্তর :** হারজিত।

| | | | | |
|---|---|---|---|---|
| গি | তা | তি | প্র | যো |

**উত্তর :** প্রতিযোগিতা।

| | | | |
|---|---|---|---|
| না | য় | মা | সী |

**উত্তর :** সীমানায়।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১৫. যুক্তবর্ণগুলো বিভাজন করে শব্দ লেখ।**

স্ত, ক্র, ক্ষ, ত্ত, ণ্ড। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| | | |
|---|---|---|
| স্ত | স + ত | স্তর, অস্ত |
| ক্র | ক + র | শুক্রবার, ক্রয় |

| | | |
|---|---|---|
| ক্ষ | ক + ষ | ক্ষয়, বৃক্ষ |
| ত্ত | ত + ত | উত্তম, উত্তর |
| ণ্ড | ণ + ড | খণ্ড, প্রচণ্ড |

**প্রশ্ন ১৬. শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসিয়ে অনুচ্ছেদটি পূরণ কর।**

মুখোমুখি, তীব্রবেগে, নদী।

আমাদের বাড়ির পাশ দিয়ে বয়ে গেছে চিত্রা ———। বর্ষার সময় ——— ছুটে চলে এই নদীর পানি। নদীটি দক্ষিণ দিকে ——— চলে গেছে।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমাদের বাড়ির পাশ দিয়ে বয়ে গেছে চিত্রা নদী। বর্ষার সময় তীব্রবেগে ছুটে চলে এই নদীর পানি। নদীটি দক্ষিণ দিকে মুখোমুখি চলে গেছে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শুনে শনাক্ত করতে পেরেছে। | | | |
| সাবলীলভাবে পাঠটি পড়তে পেরেছে। | | | |
| যুক্তব্যঞ্জনবর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম :............................................ শ্রেণি :.................................... রোল নম্বর : ☐

**১। শব্দ নিয়ে খালি জায়গায় বসাও।**

চটপট, মেধাবী, হইচই, মাঠ, প্রতিযোগিতা।

ক. স্যার বুঝেছিলেন ছেলেটা অত্যন্ত ———।

খ. সেদিন ক্লাসে ক্রীড়া ——— নিয়ে কথা হচ্ছিল।

গ. রঙিন কাগজ দিয়ে ——— সাজানো হয়েছে।

ঘ. খেলার উত্তেজনায় সবাই ——— করতে লাগল।

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. নোমান স্যার কীভাবে বুঝলেন রাশেদ মেধাবী?

খ. অঙ্ক দৌড় খেলার নিয়ম কী?

গ. মোরগ লড়াইয়ে তৃতীয় হয়েছিল কে?

ঘ. খেলা শেষে হেড স্যার কী বললেন?

**৩। নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

মেধাবী, লড়াই, বিজয়ী, হইচই, মুখোমুখি, প্রতিহত।

## উত্তরমালা

১ ▸ ক. স্যার বুঝেছিলেন ছেলেটা অত্যন্ত **মেধাবী**।

খ. সেদিন ক্লাসে ক্রীড়া **প্রতিযোগিতা** নিয়ে কথা হচ্ছিল।

গ. রঙিন কাগজ দিয়ে **মাঠ** সাজানো হয়েছে।

ঘ. খেলার উত্তেজনায় সবাই **হইচই** করতে লাগল।

২ ▸ ক. নোমান স্যার ভর্তির দিন রাশেদকে দেখেছিলেন। দুটি প্রশ্নও করেছিলেন তাকে। রাশেদ চটপট জবাব দিয়েছিল। স্যার তখনই বুঝেছিলেন ছেলেটি অত্যন্ত মেধাবী।

খ. অঙ্ক দৌড় খেলার নিয়ম হলো– সবার আগে অঙ্ক শেষ করে দৌড়ে আসতে হবে। যে সবার আগে আসবে সে-ই বিজয়ী হবে।

গ. মোরগ লড়াইয়ে তৃতীয় হয়েছিল রাজু।

ঘ. হারজিত জীবনের অবিচ্ছেদ্য অংশ। খেলায় একপক্ষ জিতলে, অন্যপক্ষ স্বাভাবিকভাবেই হারবে। খেলা শেষে বিকালবেলা হেড স্যার বিজয়ীদের গলায় মেডেল পরিয়ে দিলেন। তাদের বই উপহার দিলেন। তিনি বললেন, হারজিত বড়ো কথা নয়।

৩ ▸

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| মেধাবী | বুদ্ধিমান, ধীমান। |
| লড়াই | যুদ্ধ। |
| বিজয়ী | অপরাজিত, জয়ী। |
| হইচই | কোলাহল, হইহুল্লোড়। |
| মুখোমুখি | সম্মুখীন হওয়া, মোকাবিলা করা। |
| প্রতিহত | বাধাপ্রাপ্ত, নিবারিত, ব্যাহত। |

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐